গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(প্রশাসন অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

স্মারক নং ৫১.০০.০০০০.২১১.১৮.০৫৪.২২. ৬২৭ তারিখঃ ০৩-১০-২০২২ খ্রিঃ

বিষয়: ২০২২-২৩ অর্থবছরে হালনাগাদকৃত সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা প্রদানে ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৮১১.২৯.০৭৮.২১.২০১; তারিখঃ ১৭-০৮-২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। বর্ণিত কমিটির গত ২৯-০৯-২০২২ খ্রিঃ তারিখে পরিবীক্ষণ সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রণালয়ের প্রশাসন শাখার সিটিজেন চার্টার-এর সেবা প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনাক্রমে নিম্নোক্ত কার্যক্রম পরিবীক্ষণ করা হয়েছে। যার বাস্তবায়ন প্রতিবেদন নিম্নরূপঃ

নং	সেবার নাম	পরিবীক্ষণ মন্তব্য	বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন
১	কর্মকর্তা/কর্মচারীগণের অর্জিত/শ্রান্তি বিনোদন ছুটি	যথা সময়ে নথি উপস্থাপন ও ছুটি মঞ্জুর আদেশ প্রদান করতে হবে।	জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত প্রশাসন শাখা হতে যথাযসময়ে ১৭ জন কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে শ্রান্তি বিনোদন ছুটি এবং ০১ জন কর্মকর্তার অনুকূলে অর্জিত ছুটি মঞ্জুর করা হয়েছে।
২	বহিঃবাংলাদেশ ছুটি	সংশ্লিষ্ট বিধি অনুযায়ী নথি উপস্থাপন করতে হবে।	জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত প্রশাসন শাখা হতে ০৭ জন কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে সংশ্লিষ্ট বিধি অনুযায়ী বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরির আদেশ জারি করা হয়েছে।
৩	না-দাবী প্রদান (পেনশনের ক্ষেত্রে)	পেনশন সহজীকরণ ২০২০ অনুসরন করতে হবে	জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ০৩ জন কর্মকর্তার অনুকূলে না-দাবী প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে।
৪	পিআরএল, লাম্পগ্রান্ট, পেনশন মঞ্জুর	পেনশন সহজীকরণ ২০২০ অনুসরন করতে হবে	জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ সময়ে পর্যন্ত ০১ জন কর্মকর্তার অনুকূলে পি.আর.এল আদেশ ও লাম্পগ্রান্ট মঞ্জুর করা হয়েছে। ০১ জন কর্মকর্তার পেনশন মঞ্জুরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে অগ্রায়ন করা হয়েছে।
৫	ভবিষ্য তহবিল হতে উত্তোলন	সংশ্লিষ্ট বিধি এবং মন্ত্রণালয়ের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পন অনুযায়ী নথি উপস্থাপন করতে হবে	জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত প্রশাসন শাখা হতে ০৪ জন কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলনের আদেশ জারি করা হয়েছে।
৬	পদোন্নতি প্রদান	যথাযসময়ে পদোন্নতির মাধ্যমে মন্ত্রণালয়ের শূন্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত পদোন্নতিযোগ্য কোন ফিডার প্রার্থী নেই।

০৩/১০/২২
(মোঃ মজিবুর রহমান)
উপসচিব
ফোন: ৫৫১০০৫৪২
ই-মেইল: dsadmin@modmr.gov.bd

অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
আহবায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। উপসচিব (বাজেট ও এপিএ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।